



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ঝালকাঠি।



বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ের উন্নয়ন

www.cooparative.jhalakathi.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মো: আমিনুল ইসলাম;

স্থান : জেলা সমবায় কার্যালয়, বরিশাল;

তারিখ : ০৭ মার্চ ২০২৩খ্রি. রোজ: মঙ্গলবার।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট – ক

অধ্যকার সভার সভাপতি মো: আমিনুল ইসলাম, জেলা সমবায় অফিসার, ঝালকাঠি এর সভাপতিত্বে সভার কার্য শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। সভাপতি অধ্যকার সভার আহবান ও উদ্দেশ্য সম্পর্কে সভাকে অবহিত করার জন্য পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি'কে অনুরোধ করেন। পরিদর্শক সভাকে নিম্ন বর্ণিত বিষয় সম্পর্কে অবহিত করেন;

০১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০-২০২১) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর কার্যক্রম সূচক ১.৪ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনের অবহিতকরণ বিষয়ে বছরে ২টি সভা কারর বাধ্যবাধকতা রয়েছে। তিনি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হচ্ছে এমন একটি দলিল যেখানে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কাদের, কি ধরনের সেবা প্রদান করবেন, কি পরিমাণ সেবা প্রদান করবে, কত সময়ের মধ্যে সেবা প্রদান করবে, কোন ধরনের সেবা পেতে কি পরিমাণ খরচ হবে, কে সেবা প্রদান করবে এবং যথাযথভাবে সেবা না পেলে তার প্রতিকারের জন্য জনগন কোথায় ও কি প্রক্রিয়ায় অভিযোগ দাখিল করবে তার বিস্তারিত বর্ণনা লিপিবদ্ধ করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে।

০২. জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি এর ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আপলোড করা আছে। প্রতিশ্রুতি সেবা সমূহ; ক) নাগরিক সেবা, খ) প্রাতিষ্ঠানিক সেবা, গ) অভ্যন্তরীণ সেবা; তিন ধরনের সেবা হিসেবে বিবেচিত হয়;

০৩. মন্ত্রণালয় সাধারণত সরাসরি নাগরিক সেবা প্রদান করেন না। মন্ত্রণালয় এর অধিনস্ত দপ্তর/সংস্থা (যেমন: বিভাগীয় সমবায় কার্যালয়/জেলা সমবায় কার্যালয়/উপজেলা সমবায় কার্যালয়) নাগরিক সেবা প্রদান করে থাকে। যে সেবা নাগরিককে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে সরাসরি প্রদান করা হয় তাকে নাগরিক সেবা বলে;

০৪. বেসরকারী প্রতিষ্ঠানের প্রদত্ত সেবা যদি নাগরিকগণকে প্রদত্ত সেবার অনুরূপ হয় তাকে নাগরিক সেবা বলা হয়। সরকারী যে কোন প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং দাপ্তরিকভাবে সম্পূর্ণ দেশী/বিদেশী বেসরকারী প্রতিষ্ঠান প্রদত্ত সেবা প্রাতিষ্ঠানিক সেবা বলে বিবেচ্য। এছাড়া সরকারী দপ্তরে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে।

সভাপতি সভায় জানান যে, এটি আপনাদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রথম সভা। তিনি সেবা সম্পর্কে বিস্তারিতভাবে আরও বলেন যে, আমাদের সিটিজেন চার্টার ০৮টি কলাম রয়েছে। জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি এর সকল সেবা সম্পর্কে সিটিজেন চার্টারে উল্লেখ রয়েছে। তিনি উল্লিখিত প্রতিটি কলাম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি সিটিজেন চার্টার হালনাগাদ, সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ভুলভাবে প্রণয়নের জন্য প্রশিক্ষণসহ সকল বিষয় আলোচনা করেন।

বিস্তারিত আলোচনার পর সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন;

১. সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে;
 ২. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সম্পর্কে সমবায়ীদের অবহিত করতে হবে;
 ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ভুলভাবে প্রণয়নে কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করতে হবে।
- সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Amrul Islam

মো: আমিনুল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
ঝালকাঠি।